

এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড)

বিষয় : বাংলা ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০২

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

ক-বিভাগ (ব্যাকরণ)-৩০

১. (ক) মধ্য 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫
অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের প্রমিত উচ্চারণ লেখো:
অক্ষ, ছন্দ, ঘোষিত, অদক্ষ, ভ্রমণ, লাভবান, যুগসন্ধি, ভদ্র।
২. (ক) গত্ব বিধান বলতে কী বোঝ? গত্ব বিধানের সূত্রগুলো লেখো। ৫
অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করো:
অকরুন, অচীন, আকাঙ্ক্ষা, আক্রমন, ঐশ্বর্য্য, কটুবাক্য, খাঁটুনি, গরীব।
৩. (ক) সর্বনামের অর্থগত শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫
অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত করো:
কৃষক নিয়ে আঁকা এসএম সুলতানের বিখ্যাত ছবিটি মানুষের মাঝে বড় ভাবনার আবহ সৃষ্টি করে। সুখী, সমৃদ্ধশালী, শক্তিমান কৃষকের মাংসপেশিবহুল অবয়ব অঙ্কনের মাধ্যমে শিল্পী বাংলার কৃষকের দীনতার অবসান চেয়েছেন।
৪. (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি): ৫
আলুনী, কোলাকুলি, গায়ে-হলুদ, জনাকীর্ণ, তপোবন, ধর্মঘট, চৌরাস্তা, গাছপাকা।
অথবা, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি):
বাঙালি, দুগ্ধ, মন্ত্রণা, সম্রাট, যোদ্ধা, দ্রষ্টব্য, কর্ষণ, সহিষ্ণু।
৫. (ক) প্রসারক কী? উদ্দেশ্য ও বিধেয়ের প্রসারক বলতে কী বোঝ? ৫
অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যের রূপান্তর করো (যেকোনো পাঁচটি):
(i) ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)

- (ii) ধনের ধর্মই অসাম্য । (যৌগিক)
- (iii) মন দিয়ে লেখাপড়া করা উচিত । (অনুজ্ঞাসূচক)
- (iv) সত্য কথা না বলে বিপদে পড়েছি । (যৌগিক)
- (v) ছাত্রদের অধ্যয়নই তপস্যা । (জটিল)
- (vi) সেই বাঁশির সুর ভারি মিষ্টি । (বিস্ময়সূচক)
- (vii) হৈম তার অর্থ বুঝল না । (অস্তিত্ববাচক)
- (viii) সৌরভের স্বাস্থ্য ভালো নয় । (অস্তিত্ববাচক)

৬.

(ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো:

৫

- (i) সবিনয়পূর্বক নিবেদন এই যে,
- (ii) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে ।
- (iii) হীন চরিত্রবান লোক পশুরও অধম ।
- (iv) সশক্তিতচিত্তে সে কথাটা বলল ।
- (v) শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না ।
- (vi) আকর্ষণপর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে ।
- (vii) যদ্যপিও ইহা আদেশ তথাপিও ইহা পালন করা কঠিন ।
- (viii) ব্যাপারটা আমার আয়ত্তাধীন নয় ।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো:

ছিঃ এটা কী করলে? এটা খুবই লজ্জাস্কর ব্যাপার।” সশক্তিত চিত্তে বললেন সাদিক সাহেব। তিনি বড়ই অপমান হয়েছেন। কিছু লোক আছে যে নিজের স্বার্থতা বড় করে দেখে।

খ-বিভাগ (নির্মিত)-৭০

৭. ক. যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখো:

১০

Zero, Yak, Witness, Violation, Uniform, Terrorist, Sir, Rent, Quantum, Pay, Optics, Nutrition, Monogram. Lifeboat, Keep.

অথবা, খ. বাংলায় অনুবাদ করো :

Always speak the truth. Never tell a lie. Nobody believes a liar. Even if he speaks the truth he is considered to be a liar. Nobody in the world is as unfortunate as he.

৮. ক. শহরে নিত্য যানজটের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০
 অথবা, খ. শীতাত্ত মানুষের দুঃসহ জীবনযাত্রার ওপর একটি প্রতিবেদন রচনা করো।
৯. ক. পরীক্ষায় অনুপস্থিত থাকার কারণ জানিয়ে শ্রেণিশিক্ষকের কাছে একটি বৈদ্যুতিন চিঠি লেখো। ১০
 অথবা, খ. 'সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুক'-এ সম্পর্কে বন্ধুর কাছে একটি পত্র লেখো।
১০. ক. সারমর্ম লেখো : ১০
 এসেছে নতুন শিশু, তাকে ছেড়ে দিতে হবে স্থান।
 জীর্ণ পৃথিবীতে ব্যর্থ, মৃত আর ধ্বংসস্তুপ পিঠে
 চলে যেতে হবে আমাদের।
 চলে যাব – তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ
 প্রাণপণে পৃথিবীর সরাবো জঞ্জাল।
 এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি,
 নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।
- অথবা, খ. ভাব-সম্প্রসারণ করো :
 'কত বড়ো আমি', কহে নকল হীরাটি।
 তাই তো সন্দেহ করি, 'নহ ঠিক খাঁটি॥'
১১. ক. প্রতিটি মানুষের নিজের অবস্থানের সচেতনতাকে কেন্দ্র করে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। ১০
 অথবা, খ. প্রদত্ত উদ্দীপক অনুসরণে 'জীবের প্রতি ভালোবাসা' বিষয়ে একটি খুদেগল্প লেখো।
 শিশুকাল থেকেই পশুপাখির প্রতি রাতুলের প্রচণ্ড দুর্বলতা।
১২. প্রবন্ধ রচনা করো (১টি) : ২০
 ক. বই পড়ার আনন্দ
 খ. খেলাধুলার প্রয়োজনীয়তা
 গ. চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞান
 ঘ. শ্রমের মর্যাদা
 ঙ. স্বদেশপ্রেম